

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
কালীগঞ্জ, গাজীপুর।

স্মারক নং: ৩৩.০২.৩৩৩৪.৫০১.৪৮.০০১.২২.১৩৩

তারিখ: ১৬/০৮/২০২৩ খ্রিঃ

অফিস আদেশ

মন্ত্রীপরিষদ বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন নির্দেশিকা ২০২২-২৩ এর আলোকে উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, কালীগঞ্জ, গাজীপুর এর বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (২০২৩-২০২৪) প্রণয়ন, পরিবীক্ষণ ও মূল্যায়নের নিমিত্ত অত্র দপ্তরের নিম্নোক্ত কর্মকর্তাগণের সমন্বয়ে এপিএ (APA) টিম গঠন করা হলোঃ


ক্রঃনং	কর্মকর্তার নাম ও পদবী	টিমে পদবী
১	মোঃ আবু সামা, উপজেলা মৎস্য কর্মকর্তা	টিম লিডার
২	মোঃ মাহাবুবুল আলম, ক্ষেত্র সহকারী	ফোকাল পয়েন্ট কর্মকর্তা
৩	মোঃ মসিউর রহমান, অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর	সদস্য

দায়িত্ব ও কার্যপরিধিঃ

১. খসড়া এপিএ প্রণয়ন করা ও যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করা;
২. প্রতি দুইমাসে একবার এপিএ'র অগ্রগতি পর্যালোচনা করা;
৩. এপিএ'র সংশোধন (যদি থাকে) প্রস্তাব উর্ধ্বতন অফিসের নিকট প্রেরণ;
৪. প্রতি ত্রৈমাসিকের অগ্রগতি প্রতিবেদন প্রস্তুত এবং উর্ধ্বতন অফিসে প্রেরণ;
৫. অর্ধ বার্ষিক অগ্রগতির প্রমাণক সংরক্ষণ;
৬. বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুত, প্রমাণকের যথার্থতা যাচাই ও সংরক্ষণ এবং অফিস প্রধানের অনুমোদন গ্রহণ করে উর্ধ্বতন অফিসে প্রেরণ;
৭. এপিএ এমএস সফটওয়্যারের মাধ্যমে এপিএ প্রণয়ন, পরিবীক্ষণ প্রতিবেদন প্রেরণ ও মূল্যায়ন প্রতিবেদন প্রেরণ নিশ্চিত করা;
৮. এপিএ ক্যালেন্ডার ও নির্দেশিকা অনুযায়ী সংশ্লিষ্ট সকল কাজ সম্পাদন করা;
৯. এপিএ বাস্তবায়নের বিষয়টি নিয়মিত তদারকি করা ও অগ্রগতি বিষয়ে প্রতিষ্ঠান প্রধানকে অবহিত করা;
১০. এপিএ সংশ্লিষ্ট তথ্যাদি যথাসময়ে ওয়েবসাইটে আপলোড করা ও প্রমাণক সংরক্ষণ করা;
১১. কমপক্ষে প্রতি দুই মাসে একটি সভা করা ও সভার কার্যবিবরণী প্রণয়ন, বিতরণ ও সংরক্ষণ করা
১২. এপিএ চুক্তি সংক্রান্ত সকল প্রতিবেদন এপিএ ক্যালেন্ডারের নির্ধারিত সময়ের মধ্যে দাখিল করা এবং
১৩. উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনার আলোকে সময় সময় অর্পিত দায়িত্ব পালন করা।

প্রাপক:

কালীগঞ্জ, গাজীপুর


১৬/০৮/২৩


(মোঃ আবু সামা)
উপজেলা মৎস্য কর্মকর্তা
কালীগঞ্জ, গাজীপুর।

স্মারক নং: ৩৩.০২.৩৩৩৪.৫০১.৪৮.০০১.২২.১৩৩/১(৩)

তারিখ: ১৬/০৮/২০২৩ খ্রিঃ

বিতরণ (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে):

- ১। উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, ঢাকা বিভাগ, ঢাকা।
- ২। জেলা মৎস্য কর্মকর্তা, গাজীপুর।
- ৩। দপ্তর নথি।


১৬/০৮/২৩

(মোঃ আবু সামা)
উপজেলা মৎস্য কর্মকর্তা
কালীগঞ্জ, গাজীপুর।